

সাম্প্রতিক ভাগাড়া কাণ্ডের জেরে উত্তরপাড়া-কোতরং পৌরসভার পক্ষ থেকে সতর্কীকরণ ॥

- ১। ভাগাড়া কাণ্ডের জেরে উদ্ভূত পরিস্থিতিতে এই পৌরসভা এলাকার সমস্ত হোটেল, রেস্তোরাঁ ও মাংসের (খাসি ও মুরগী) দোকানগুলিকে সর্বসাধারণের স্বাস্থ্যসম্মত নিরাপদ খাদ্যবিধি মেনে ব্যবসা করার জন্য অনুরোধ করা হচ্ছে ।
- ২। হোটেল, রেস্তোরাঁ ও মাংসের দোকানগুলিতে যেন কোনোভাবে ভাগাড়া উচ্ছিষ্ট পশু পাখীর মাংস যেন কোনভাবেই ক্রয় বিক্রয়, ফ্রিজিং বা খাবার প্রস্তুত করার জন্য ব্যবহার না করা হয় । এই ব্যাপারে কোন লুকোচুরি বরদাস্ত করা হবে না ।
- ৩। হোটেল, রেস্তোরাঁ গুলিতে কোন দিনের অবিক্রিত/ বাসি খাবার পরের দিনগুলির জন্য ফ্রিজে সংরক্ষণ ও বিক্রয় করা যাবে না ।
- ৪। ক্রেতাগণকে কোনভাবেই বাসি / পচা খাবার বিক্রয় করা যাবে না ।
- ৫। রান্না বা খাদ্য সংরক্ষণের জন্য স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর এমন কোন রাসায়নিক উপকরণ ব্যবহার করা যাবে না ।
- ৬। মৃত ও অসুস্থ পশু / পাখীর মাংস ক্রয় বিক্রয় কোনভাবেই করা যাবে না ।
- ৭। পৌরসভা এই বিষয়গুলির প্রতি তীক্ষ্ণ নজর রাখছে এবং নিরাপদ খাদ্যবিধি বলবৎ করণের জন্য সবরকমের পদক্ষেপ নেবে ।
- ৮। বিধিভঙ্গকারীগণের প্রতি FSSAI ACT এবং IPC ধারা 272/27 কঠোর ভাবে প্রযোজ্য ।
- ৯। খাদ্যে স্বাস্থ্য বা আইনসম্মত ব্যবহার্য রং ছাড়া আর কোন রং খাদ্যদ্রব্যে ব্যবহার করা যাবে না ।
- ১০। বোতলজাত / মিনারেল জল সিল সমেত ও বিধিসম্মত হতে হবে ।
- ১১। দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্যগুলি স্বাস্থ্যসম্মত ও নির্দিষ্ট সময় তারিখ ইত্যাদি সহ যথাযথভাবে ব্যবহার ও সংরক্ষণ ও বিক্রয়ের ব্যবস্থা করতে হবে ।
১২. অন্যান্য খাদ্য দ্রব্যের ক্ষেত্রেও এই বিধি কঠোর ভাবে প্রযোজ্য ।

www.foodlicensing.fssai.gov.in



দিলীপ যাদব

(পৌরপ্রধান)